

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ অধিশাখা
www.lgd.gov.bd


নথি নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬ (অংশ-৩) ৭৯৯

তারিখ : ১৬ ভাদ্র, ১৪২৩
৩১ আগস্ট, ২০১৬

বিষয় : চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান পদের গেজেট প্রকাশ স্থগিত থাকায় উক্ত পরিষদের চেয়ারম্যানের দায়িত্বভার অর্পণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা কার্যালয়ের পত্র নং-২৭২(২)(যু:), তারিখ : ০৩/০৮/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৯(৪) অনুযায়ী তিন-চতুর্থাংশ সদস্য শপথ গ্রহণ করলে ইউনিয়নটি যথাযথভাবে গঠিত হয়েছে বলে গন্য হবে। প্রথম সভা অনুষ্ঠানের বিষয়ে গত ২৮/০৫/২০১৬ তারিখে সকল জেলা প্রশাসককে ক্ষমতা অর্পণ করা হয়েছে। উক্ত ক্ষমতাবলে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা কর্তৃক আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়ন পরিষদের প্রথম সভা আহ্বানপূর্বক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৩ অনুযায়ী চেয়ারম্যান প্যানেল গঠন করে অগ্রাধিকার ভিত্তিতে একজনকে চেয়ারম্যানের দায়িত্ব প্রদানপূর্বক পরিষদের কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


৩১/০৮/২০১৬
(মুহূর্তন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা।

অনুলিপি :

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)